Re. 1.00

# PRABINBARTA
# প্রবীণবার্তা

MONTHLY

মূল্য ঃ ১ টাকা

মাসিক

Vol : IV Issue :XI,15th February, 2016 মাঘ, ১৪২২, বার্ষিক মূল্য-১০টাকা RNI NO. WBBEN / 2012/ 46375


আমাদের শ্রদ্ধার্ঘ
মাইকেল মধুসূদন দত্ত



জন্ম - ১৮২৪সাল, ২৫শে জানুয়ারী
মৃত্যু - ১৮৭৩ সাল, ২৯শে জুন



২৮ জানুয়ারী ২০১৬ বিক্রমগড় হরিসভা প্রাঙ্গনে প্রবীণদের সম্মাননা জানাচ্ছেন সহ-সভাপতি শ্রী রাম রমন ভট্টাচার্য

## সমাধিলিপি রূপে স্বরচিত কবিতাটিতে কবি মধুসূদন দত্তের জীবন চরিত বর্ণিত আছে।

"দাঁড়াও পথিকবর, জন্ম যদি তব
বঙ্গে; তিষ্ঠ ক্ষণকাল, এ সমাধিস্থলে
(জননীর কোলে শিশু লভয়ে যেমতি বিরাম)
মহীর পদে মহানিদ্রাবৃত
দত্তকুলোদ্ভব কবি শ্রী মধুসূদন।
যশোরে সাগরদাঁড়ী কবতাক্ষতীরে
জন্মভূমি, জন্মদাতা দত্ত মহামতি
রাজনারায়ণ নামে, জননী জাহ্নবী।"

## সমস্ত সদস্য ও শুভানুধ্যায়ীদের কাছে আবেদন

৩০শে নভেম্বর ২০১৫ পরিচালন পরিষদের সভায় রংকল বস্তি অঞ্চলে একটি আধুনিকমানের ফিজিওথেরাপি ক্লিনিক গড়ে তোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। 'ডাঃ নর্মান বেথুন ক্লিনিক' নামে এই কেন্দ্রটি গত ৮ই জানুয়ারী ২০১৫ তারিখে প্রতিষ্ঠিত হয়েছে। শুধুমাত্র এই অত্যাধুনিক ফিজিওথেরাপি কেন্দ্রটি গড়ে তুলতে আনুমানিক দুই লক্ষ (২,০০,০০০) টাকা প্রয়োজন। এই তহবিল গঠনের জন্য সদস্য / সদস্যা নির্বিশেষে সকল মানুষের কাছে আবেদন জানাচ্ছি। এর সাহায্যে আমরা প্রবীণ, দুঃস্থ শ্রমজীবি ও স্বল্প আয়ের মানুষদের স্বল্পমূল্যে আধুনিক অর্থপেডিক চিকিৎসা দিতে চাই।

নগদে বা ব্যাঙ্কের চেকের মাধ্যমে দান পাঠাতে পারেন। আমাদের প্রতিষ্ঠানে যে কোন দান ভারত সরকারের নির্দেশানুযায়ী ৮০জি ধারায় আয়করমুক্ত।

ধন্যবাদ সহ,

পেলব মুখার্জী
সভাপতি

দীপেশ মিত্র
সম্পাদক

## 'একুশে ফেব্রুয়ারী'

### অশোক রঞ্জন ধর

১৯৪৮ সালে তৎকালীন পাকিস্তান সরকার উর্দ্দুকে এক মাত্র রাষ্ট্র ভাষা রূপে ঘোষণা করে। পূর্বপাকিস্তানে বাংলা ভাষার সম মর্যাদার দাবীতে ক্রমশ আন্দোলন দানা বাঁধতে থাকে। চূড়ান্ত রূপ নেয় ১৯৫২ সালের ফেব্রুয়ারীতে। ২১শে ভাষা শহীদদের রক্তে রাঙা হয়ে যায় ঢাকার রাজপথ। এই বীর শহীদদের শ্রদ্ধা জানাতেই এই সংক্ষিপ্ত আলোচনা।

রফিক - রফিক উদ্দীন আহমদ।

জন্ম - ১৯২৬ সালের ৩০শে অক্টোবর মানিক গঞ্জ জেলার সিংগাইর থানার পারিল বল ধারা গ্রামে। স্থানীয় বায়রা স্কুল থেকে ১৯৪৯ সালে ম্যাট্রিক পাশ করে মানিক গঞ্জের দেবেন্দ্রনাথ কলেজে আই. কম. পড়তে পড়তে পিতা আবদুল লতিফকে প্রেসের কাজে সাহায্য করতে ঢাকায় চলে যান। ভাষার দাবীতে বিক্ষোভ মিছিলে তিনি যোগ দেন। পাকিস্তান সরকারের ঘাতক পুলিশ বাহিনী মিছিলে গুলি চালালে রফিকের মাথায় গুলি লাগে এবং ঘটনা স্থানেই তিনি শহীদ হন। সেদিনটি ছিল ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারী।

বরকত - পুরো নাম আবুল বরকত। জন্ম ১৯২৭ সালের ১৩ই জুন ভারতের মুর্শিদাবাদের বাবলা গ্রামে। তিনি ১৯৪৫ সালে ম্যাট্রিক ও ১৯৪৭ সালে আই.এ. পাশ করেন। ১৯৪৭ সালের ১৪ই অগাষ্ট পাকিস্তান প্রতিষ্ঠার পর ঢাকায় চলে যান। ১৯৫১ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাষ্ট্র বিজ্ঞানে (বি.এ. অনার্স) পাশ করেন এবং এম.এ. ক্লাসে ভর্তি হন। ভাষা মিছিলের উপর পুলিশের গুলিতে ঢাকা মেডিকেল কলেজের হস্টেলের ১২ নং সেডের বারান্দায় তিনি গুলি বিদ্ধ হন। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ডাক্তারদের সমস্ত চেষ্টা ব্যর্থ করে ২১শে ফেব্রুয়ারী রাত আটটায় তিনি মারা যান।

সালাম - পুরো নাম আব্দুস সালাম। ফেনী জেলার লক্ষীপুর গ্রামে জন্ম। জন্ম তারিখ জানা যায়নি। তার পিতার নাম মোহম্মদ ফাজিল মিঞা। পেশায় তিনি ছিলেন একজন পিয়ন। ২১শে ফেব্রুয়ারী মিছিলে পুলিশের গুলিতে আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন এবং ৭ই এপ্রিল মারা যান।

শফিউর - পুরো নাম শফিউর রহমান। ১৯১৮ সালের ২৪শে জানুয়ারী ২৪ পরগণাতে তাঁর জন্ম। পিতার নাম মাহবুবুর রহমান। ১৯৪৭ সালে দেশ ভাগের পর ঢাকায় চলে যান। ওখান হাইকোর্টে কেরানি পদে যোগদান করেন। ২১শে ফেব্রুয়ারী ভাষা মিছিলে তিনি যোগ দেন। পুলিশের গুলিতে আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি হন ও সন্ধ্যায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

জব্বার - পুরো নাম আবদুল জব্বার। জন্ম ১৯১৯ সালে ময়মনসিংহ জেলার গফরগাও থানার পাচুয়া গ্রামে। দারিদ্রের কারণে লেখাপড়া চালিয়ে যাওয়া সম্ভব হয় নি। বাবাকে কৃষিকাজে সাহায্য করতে থাকেন। ১৫/১৬ বছর বয়সে নারায়ণগঞ্জে চলে আসেন। সেখানে চাকরী সূত্রে চলে যান বার্মাতে। ১০/১২ বছর পর দেশে চলে আসেন। ২১শে ফেব্রুয়ারী ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের হস্টেলের সামনে হাজার হাজার মানুষের সমাবেশে তিনিও সামিল হন। পুলিশ সমাবেশে গুলি চালালে তিনি গুরুতর রূপে আহত হয়ে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ঐদিন (২১শে ফেব্রুয়ারী) রাতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ভাষা-শহীদদের রক্তে - রাঙা ক্রমবর্ধমান গণআন্দোলনের মুখে পাক সরকার অবশেষে নতিস্বীকার করে। ১৯৫৬ সালে বাংলা ভাষাকে পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি প্রদান করে। পরবর্তীকালে ১৯৯৯ সালের ১৭ই নভেম্বর ইউনেস্কো বাংলা ভাষা আন্দোলন, মানুষের ভাষা এবং কৃষ্টির অধিকারের প্রতি সম্মান জানিয়ে ২১শে ফেব্রুয়ারীকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসাবে ঘোষণা করে।

## বনভোজনের রিপোর্ট

গত ৩ ফেব্রুয়ারী ২০১৬ বুধবার সংস্থার পক্ষ থেকে বাটানগরে গঙ্গার পাড়ে একটি মনোরম বাগান বাড়ীতে বনভোজনের আয়োজন করা হয়।

৮৫জন সদস্য অংশগ্রহণ করেন। তার মধ্যে অধিকাংশেরই বয়স ৭৫ বৎসরের উর্দ্ধে এবং মহিলাদের সংখ্যা ৬০%

অংশগ্রহণকারী সদস্যগণ আনন্দ উপভোগ করেছেন।

## বিজ্ঞপ্তি

গত জানুয়ারী ২০১৬ সংখ্যায় ডাঃ নর্মাণ বেথুন ক্লিনিকের সম্প্রসারনের উদ্দেশ্যে আর্থিক সাহায্যের আবেদনে আমরা অভূতপূর্ব সাড়া পেয়েছি। ১০ ফেব্রুয়ারী ২০১৬ অবধি তাদের নাম-ঠিকানা প্রকাশিত হলো। কিন্তু সংগৃহীত অর্থ এখনও প্রয়োজনের তুলনায় কম। এই মুহূর্তে আমাদের ২,০০,০০০ টাকা প্রয়োজন। তাই সদস্য / সদস্যা নির্বিশেষে সকল মানুষের কাছে মুক্ত হস্তে দানের জন্য আবেদন জানাচ্ছি।

| ক্রমিক সংখ্যা | নাম | ঠিকানা | টাকা |
|---|---|---|---|
| ১। | শ্রী গৌতম রায় চৌধুরী | পি.জি.এইচ শাহ্ রোড, কলকাতা- ৩২ | ৫,০০০.০০ |
| ২। | শ্রীমতী শিলা দত্ত | কাটজু নগর, কলকাতা - ৩২ | ৫০০.০০ |
| ৩। | শ্রী নীতিন বোস | " | ৫০০.০০ |
| ৪। | শ্রী ব্রজদীশ চন্দ্র দাস | " | ১,০০০.০০ |
| ৫। | শ্রী দীপক দাশগুপ্ত | " | ৫,০০০.০০ |
| ৬। | শ্রী শৈল প্রসাদ সাহা | " | ৫০০.০০ |
| ৭। | শ্রী অনিল কুমার রায় চৌধুরী | " | ৫,০০০.০০ |
| ৮। | শ্রী মনোতোষ দাস | " | ১,০০০.০০ |
| ৯। | শ্রী অমিতাভ কারকুন | " | ২,০০০.০০ |
| ১০। | হেরিটেজ ওয়েলফেয়ার ফাউনডেশন | " | ১০,০০০.০০ |
| ১১। | শ্রী দিব্যেন্দু রায় | পি.জি.এম. শাহ্, কলকাতা - ৯৫ | ১,০০০.০০ |
| ১২। | শ্রীমতী সুনন্দা রায় চৌধুরী | সেন্ট্রাল পার্ক, কলকাতা - ৩২ | ২,০০০.০০ |
| ১৩। | শ্রী বিক্রম তরফদার | কাটজু নগর - কলকাতা - ৩২ | ১,০০০.০০ |
| ১৪। | শ্রী পেলব মুখার্জী | পি. - ২০ শঙ্কর বোস রোড, চেতলা, কলকাতা - ২৭ | ১,০০০.০০ |
| ১৫। | শ্রীমতি আভা বোস | ২০৪ সুবোধ পার্ক, কলকাতা - ৭০ | ১,০০০.০০ |
| ১৬। | শ্রী ভাস্কর ভাদুড়ী | ডি-২৬ কাটজু নগর, কলকাতা - ৩২ | ৫,০০০.০০ |
| ১৭। | শ্রীমতি মঞ্জুশ্রী দাস | ২/২৪, অশোক নগর, কলকাতা - ৪ | ২০০.০০ |
| ১৮। | শ্রীমতি কৃষ্ণা ঘোষ | ৪/৮২, চন্ডীতলা লেন, কলকাতা - ৪০ | ১০০.০০ |
| ১৯। | শ্রীমতি অমিতা বিশ্বাস | ২৫এ, নেহেরু কলোনী, কলকাতা - ৪০ | ২০০.০০ |
| ২০। | শ্রী সমীর রায় চৌধুরী | ৫৯, যোধপুর গার্ডেন, কলকাতা - ৪৫ | ২০০.০০ |
| ২১। | শ্রী মিহির বরণ রায় | রামগড়, কলকাতা - ৪৭ | ১,০০০.০০ |
| ২২। | শ্রীমতি দিপালী রায় | ১/২১, শান্তিনগর কলোনী, কলকাতা - ৪০ | ২০০.০০ |
| ২৩। | শ্রীমতি সংঘমিত্রা দেব | চন্ডীতলা লেন, কলকাতা - ৪০ | ২০০.০০ |
| ২৪। | শ্রীমতি গীতা দত্ত | ৮৪এ/১, চন্ডী ঘোষ রোড, কলকাতা - ৪০ | ১০০.০০ |
| ২৫। | শ্রীমতি পুষ্পা দত্ত | ৮৮, চন্ডী ঘোষ রোড, কলকাতা - ৪০ | ১০০.০০ |

| | | | |
|---|---|---|---|
| ২৬। | শ্রী বাসন্তী জয়রামি | চন্ডীতলা, কলকাতা - ৪০ | ১০০.০০ |
| ২৭। | শ্রীমতি শুভ্রা রায় চৌধুরী | ৯৬এ, রিজেন্ট প্লেস, কলকাতা -৪০ | ৫০০.০০ |
| ২৮। | শ্রীমতি ডল ব্যানার্জী | ৪/৮২/১ চন্ডীতলা লেন, কলকাতা - ৪০ | ১০০.০০ |
| ২৯। | শ্রীমতি জয়শ্রী গুপ্তা | এফ/৩, কাটজুনগর, কলকাতা - ৩২ | ২০০.০০ |
| ৩০। | শ্রী অশোক কুমার চক্রবর্তী | ৩১২ পি.এ. সাহ রোড, কলকাতা - ৪৫. | ৫০০.০০ |
| ৩১। | শ্রী অশোক রঞ্জন ধর | ওয়াই - ১৬, পঞ্চসায়র, কলকাতা - ৯৪ | ১,০০১.০০ |
| ৩২। | শ্রীমতি বাণী হোড় | ১৮৮/৮৮ পি.এ.শাহ রোড, কলকাতা - ৪৫ | ২০০.০০ |
| ৩৩। | শ্রীমতি শিক্তা দাস | ব্লক - ১০, টি. - ১২২ গভর্ণমেন্ট কোয়াটার, কলকাতা - ৪৫ | ১,০০০.০০ |
| ৩৪। | শ্রী রামরমন ভট্টাচার্য | ১২/১এ বৈষ্ণব ঘাটা লেন, কলকাতা - ৪৭ | ২,০০০.০০ |
| ৩৫। | শ্রী শান্তনু মুখার্জী | ই-২২, পোদ্দার নগর, কলকাতা - ৩২ | ৫০০.০০ |
| ৩৬। | ডাঃ সংঘমিত্রা দাশগুপ্ত | চতুষ্কোণ, ১৭এ, গল্ফগ্রীণ - কলকাতা - ৩৩ | ১,০০০.০০ |
| ৩৭। | শ্রী শঙ্কর ফার্নিচার | ১৮, রাজা এস.সি. মল্লিক রোড, কলকাতা - ৮৪ | ৫০০০.০০ |
| ৩৮। | শ্রী স্নেহাংশু চাকদার | ই. ২২, পোদ্দার নগর, কলকাতা - ৩২ | ৫০০.০০ |
| ৩৯। | শ্রীমতি শেফালী সরকার দত্ত | পি-১৪, রায়পুর, কলকাতা - ৮৪ | ১,০০০.০০ |
| ৪০। | শ্রীমতি সন্ধ্যা মালতী চ্যাটার্জী | সল্টলেক, কলকাতা - | ১০০.০০ |
| ৪১। | শ্রী সুপ্রকাশ গুপ্ত | বিরাটী, কলকাতা - | ১০০.০০ |

## ২৮ জানুয়ারী, ২০১৬ বিক্রমগড় হরিসভা প্রাঙ্গনে সংস্থার পক্ষ থেকে প্রবীন / প্রবীণাদের সম্মাননা অনুষ্ঠান

২৮জানুয়ারী ২০১৬ বৃহস্পতিবার সকাল ১১টায় বিক্রমগড় হরিসভা প্রাঙ্গণে বিক্রমগড় ও ২নং পোদ্দার নগর অঞ্চলের ৭৫বছর ও তদুর্দ্ধ প্রবীণ/প্রবীণাদের সম্মাননা জানানোর জন্য এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। শ্রী গৌতম চ্যাটার্জীর উদ্বোধনী সঙ্গীতের মাধ্যমে অনুষ্ঠানের শুভ সূচনা করা হয়। অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করেন শ্রী পেলব মুখার্জী। সভাপতি তার সংক্ষিপ্ত ভাষণে বলেন ২০০৫ সালে জয় ইউনিয়নের উদ্যোগে শ্রদ্ধেয় বিমল চ্যাটার্জীর প্রচেষ্টায় এলাকার গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতায় প্রবীণ ব্যক্তিদের সেবা দানের উদ্দেশ্যে এই সংস্থা প্রতিষ্ঠা করা হয়। প্রবীণদের কল্যাণের লক্ষে আমরা বিভিন্ন পরিষেবা দিয়ে যাচ্ছি। এই পরিষেবা সম্প্রসারণের লক্ষে গত ৮ই জানুয়ারী, রংকল এলাকায় জয় কো-অপারেটিভের বাড়ী ভাড়া নিয়ে ডাঃ নর্মাণ বেথুন ক্লিনিক প্রতিষ্ঠা করেছি। আজ এখানে বিক্রমগড় ও ২ নং পোদ্দার নগর এলাকার প্রবীণ ব্যক্তিদের সম্মাননা জানানোর লক্ষে অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আমাদের সহ সভাপতি শ্রী রামরমণ ভট্টাচার্য, শ্রী গৌতম রায় চৌধুরী, সম্পাদক শ্রী দীপেশ মিত্র প্রমুখ ব্যক্তিবর্গ উপস্থিত আছেন। বেথুনের কাজকর্ম ও আগামী দিনের পরিকল্পনা সম্পর্কে আলোচনা করবেন। তারপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য শেষ করেন। শ্রী রামরমণ ভট্টাচার্য বলেন শ্রদ্ধেয় বিমল চ্যাটার্জীর ঐকান্তিক প্রচেষ্টায় জয়ার শ্রমিকদের ঐতিহ্য ধরে রাখার লক্ষে প্রবীণ ব্যক্তিদের কল্যাণে এই সংস্থা প্রতিষ্ঠিত হয়। যার নামে আমাদের এই সংস্থা প্রতিষ্ঠা করা হয়েছে তাঁর জন্ম কানাডায়, কিন্তু তিনি সেখানে থেমে থাকেননি। স্পেনের গৃহযুদ্ধের সময় সেখানে তিনি তাঁর সাহায্যের হাত বাড়িয়ে দেন। স্পেন থেকে তিনি চীনে চলে যান। তিনি সেই যুদ্ধক্ষেত্রে আহত সৈনিকদের চিকিৎসার কাজ পরিচালনা করেন। যুদ্ধক্ষেত্রে আহত সৈনিকদের সরাসরি রক্তদান পদ্ধতি তিনিই

প্রথম চালু করেন। তিনি বলতেন রোগী ডাক্তারের কাছে যাবেন না, ডাক্তার রোগীর কাছে আসবেন। তিনি জয়া ইউনিয়নের ঐতিহ্যের কথা বর্ণনা করে বলেন শ্রমিকদের অধিকার আদায়ের জন্য তারা যে সংগ্রাম করেছেন তা এক ইতিহাস। তাদের ত্যাগের কথা ভুলবার নয়। সেই উদ্দেশ্যকেই সামনে রেখে আজ এখানে বিক্রমগড় ও ২নং পোদ্দার নগরের প্রবীণদের সম্মাননা জানানোর আয়োজন করা হয়েছে। এ ধরনের অনুষ্ঠান সংস্থার পক্ষ থেকে বিভিন্ন এলাকায় করা হয়ে থাকে। সম্পাদক শ্রী দীপেশ মিত্র সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন প্রবীণ ব্যক্তিদের বিভিন্ন ধরনের পরিষেবা দেওয়ার উদ্দেশ্যে সংস্থা প্রতিষ্ঠা করা হয়েছে। আমাদের প্রধান উদ্দেশ্য সমাজের বয়স্ক নাগরিকদের সমস্যা দূরীকরণের চেষ্টা। সেই লক্ষ্যকে সামনে রেখে আমরা কাজ করে যাচ্ছি। ৯৩ নং ওয়ার্ডের বেঙ্গল ল্যাম্প, দাশনগর, রংকল এলাকায় সাপ্তাহিক ক্লিনিকের মাধ্যমে ডাক্তারী পরিষেবা সহ বিনামূল্যে ওষুধ সরবরাহ করা হত। কিন্তু ইদানিং ডাক্তারের অভাবে এই পরিষেবা দেওয়া সম্ভব হচ্ছে না। বর্তমানে আমাদের বাঁশদ্রোণী অফিসে ২জন হোমিও ডাক্তার বসেন। সেখানেও ১০ টাকার বিনিময়ে ডাক্তারী পরিষেবা সহ ওষুধ সরবরাহ করা হয়। তাছাড়া প্রতি বুধবার ডাঃ হিমাদ্রী বিশ্বাস এম.ডি. Rehumatologist সেখানে বসেন। আমাদের তালিকাভুক্ত কিছু প্যাথোলজিক্যাল ল্যাবোরেটরী আছে তারা বিভিন্ন টেষ্টের জন্য আমাদের সদস্যদের ৩০% থেকে ৪০% ছাড় দিয়ে থাকেন। AMRI হাসপাতাল প্যাথোলজিক্যাল টেষ্টের ক্ষেত্রে আমাদের সদস্যদের ২০%ছাড় দেয়। চক্ষু অপারেশনের ক্ষেত্রে সিলভার লাইন আই হসপিটালে ২০ % ছাড় দিয়ে থাকেন। আজ এখানে বিক্রমগড় ৩২ নং পোদ্দার নগরের প্রবীণ ব্যক্তিদের সম্মাননা প্রদান করা হবে। অবশেষে আমাদের সহ সভাপতি শ্রী গৌতম রায় চৌধুরী বলেন শ্রমজীবি ও স্বল্প আয়ের প্রবীণ ব্যক্তিদের চিকিৎসা পরিষেবা সম্প্রসারণের লক্ষ্যে আমরা রংকল অঞ্চলে জয় কো-অপারেটিভের বাড়ীতে ডাঃ নর্মাণ বেথুন ক্লিনিক প্রতিষ্ঠা করেছি। আমাদের ভবিষ্যৎ পরিকল্পনা একটি শ্রমজীবি হাসপাতাল প্রতিষ্ঠা করবো। প্রাথমিক লক্ষ্যকে সামনে রেখে আমরা ফিজিওথেরাপীর জন্য যন্ত্রপাতির Order প্রদান করেছি। আশা করা যায় ফেব্রুয়ারীর মধ্যেই সেগুলো পেয়ে যাব। এর জন্য সর্বমোট প্রয়োজন ২ লক্ষ টাকার। Donation এর মাধ্যমে এই টাকা সংগ্রহ করা হবে। ইতিমধ্যে একাজ শুরু করে দিয়েছি। আশা করি এ ব্যাপারে আপনারা থাকলে সাহায্যের হাত বাড়িয়ে দিবেন। সমস্ত Donation এর ক্ষেত্রে ৮০জি ছাড়ের ব্যবস্থা আছে। সর্বনিম্ন ২৫০০০ টাকা দানে কোন ব্যক্তির স্মৃতি রক্ষার্থে নাম লেখা থাকবে। শুরু হয় সম্মাননা প্রদান অনুষ্ঠান।

সভাপতি শ্রী পেলব মুখার্জী শ্রী পবিত্র কুমার বোসকে ফুলের তোড়া, সার্টিফিকেট, মেমেন্টো ও মিষ্টির প্যাকেট প্রদানের মাধ্যমে সম্মাননা প্রদানের সূচনা করেন। পরবর্তীতে তিনি আরো কয়েকজনকে সম্মাননা প্রদান করেন। তারপর অন্যান্যদের সম্মাননা প্রদান করেন, সম্পাদক শ্রী দীপেশ মিত্র, সহ - সভাপতি শ্রী রামরমণ ভট্টাচার্য, শ্রী সনৎ লাহিড়ী, শ্রী গৌতম রায় চৌধুরী এবং সহ সম্পাদক শ্রী স্নেহাংশু চাকদার। যারা অসুস্থতার জন্য উপস্থিত হতে পারেননি তাদের বাড়ীতে গিয়ে শ্রী স্নেহাংশু চাকদার, আমাদের সদস্য শ্রী অরুণ মুখার্জী এবং শ্রী রথীন মৈত্র সম্মাননা প্রদান করেন। মোট ৫৭জনকে সম্মাননা জানানো হয়। যাদের সম্মাননা জানানো হয় তাদের মধ্যে বক্তব্য রাখেন শ্রী অজয় বোস, শ্রী নিতাই দত্ত চৌধুরী, শ্রী সুনীল কুমার বোস ও শ্রীমতি পুতুল মৈত্র। তারা বেথুন ইন্সটিটিউটের কাজের ভূয়ষী প্রশংসা করেন। যে কাজ বেথুন ইন্সটি টিউট করে যাচ্ছে তার সাথে যুক্ত হওয়ার ইচ্ছা প্রকাশ করেন। শ্রীমতী পুতুল মৈত্র আমাদের ফিজিও সেন্টারের জন্য ১০০০ টাকা প্রদানের অঙ্গীকার করেন। এই সম্মাননা প্রদান অনুষ্ঠান করার ব্যাপারে শ্রী অরুণ মুখার্জী, শ্রী রথীন মৈত্র সর্বতোভাবে সাহায্য করেছেন। তাছাড়া নিতাই দত্ত চৌধুরীর অবদান অস্বীকার করার নয়। তিনি হরিসভার সভাপতি। যে জায়গায় অনুষ্ঠানটি করা হয়েছে তা হরিসভার। তিনি ঐ জায়গায় অনুষ্ঠান করার অনুমতি প্রদান করেছেন। সবশেষে শ্রী সনৎ লাহিড়ীর ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

## স্বাস্থ্য সচেতনতা মুলক আলোচনা সভা

৬ই ফেব্রুয়ারী, ২০১৬ ডাঃ কৃষ্ণা হালদারের উদ্বোধনী সঙ্গীতের মাধ্যমে স্বাস্থ্য সচেতনতামূলক আলোচনা

সভা শুরু হয়। অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করেন আমাদের সহ সভাপতি শ্রী রামরমণ ভট্টাচার্য। তিনি তার সংক্ষিপ্ত বক্তব্যে বলেন জয় ইউনিয়নের উদ্যোগে এলাকার গণ্যমান্য ব্যক্তিদের প্রবীণ ব্যক্তিদের সাহায্যের উদ্দেশ্য নিয়ে এই সংস্থা প্রতিষ্ঠা করা হয়। জয়া ইউনিয়নের অবদানের কথা আবারও স্মরণ করিয়ে দেন। ডাঃ হেনরী নর্মাণ বেথুনের নামে এই সংস্থাটি প্রতিষ্ঠিত হয়েছে। তার জন্ম কানাডায় কিন্তু তিনি সেখানে থেমে থাকেন নি, চিন সহ বিভিন্ন দেশে তার সাহায্যের হাত বাড়িয়ে দেন। আমাদের বাঁশদ্রোণী অফিসে ইউনিয়নের জরুরী মিটিং থাকার কারণে সভাপতি এবং সম্পাদক আজকের অনুষ্ঠানে উপস্থিত হতে পারেননি। আজকের সভায় আলোচ্য বিষয় সুস্থ ও সুখী জীবন যাপনের উপায় সম্পর্কে আলোচনা করবেন লন্ডন প্রবাসী ডাঃ পৃথ্বীরাজ সিন্‌হা এবং ওষুধ ছাড়া বাত ও হাড় সংক্রান্ত সমস্যার চিকিৎসা আলোচনা করবেন প্রথিতযশা পেশাদার ফিজিওথেরাপিষ্ট শ্রী অলোক রায় চৌধুরী। তারপর উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার সংক্ষিপ্ত বক্তব্য শেষ করেন। শ্রী গৌতম রায় চৌধুরী বলেন রামদা আজকের আলোচনা সভার বক্তব্য সম্পর্কে অবহিত করেছেন। তিনি বলেন আমরা রংকলের জয় কো-অপারেটিভের বাড়ীতে ডাঃ নর্মাণ বেথুন ক্লিনিক প্রতিষ্ঠা করেছি এবং সেখানে একটি পূর্ণাঙ্গ ফিজিও থেরাপি কেন্দ্র খোলার পরিকল্পনা গ্রহণ করেছি এবং ভবিষ্যতে শ্রমজীবি মানুষ ও প্রবীণদের জন্য একটি শ্রমজীবি হাসপাতাল প্রতিষ্ঠা করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। ফিজিওথেরাপি সেন্টারের জন্য যন্ত্রপাতির Order দেওয়া হয়েছে। তার জন্য ২,০০,০০০ টাকার প্রয়োজন। Donation এর মাধ্যমে এই টাকা সংগ্রহ করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং আমরা তা শুরু করে দিয়েছি। আপনাদের কাছে আবেদন আপনারা নিজে অর্থ প্রদান করুন এবং অর্থ সংগ্রহের ব্যবস্থা করে এই মহতী কাজে সাহায্য করুন। তারপর বক্তব্য রাখেন লন্ডন প্রবাসী ডা. পৃথ্বীরাজ সিন্‌হা। তার বক্তব্যের বিষয় সুস্থ ও সুখী জীবন যাপনের উপায়। এ বিষয়ে আলোচনা করে তিনি উদাহরণের মাধ্যমে বুঝিয়ে দেন এবং উপস্থিত সদস্যদের প্রশ্নের উত্তর প্রদান করেন। তারপর বক্তব্য রাখেন প্রথিতযশা ফিজিও থেরাপিষ্ট শ্রী অলোক রায় চৌধুরী। তার আলোচনার বিষয় ওষুধ ছাড়া বাত ও হাড় সংক্রান্ত সমস্যার চিকিৎসা। তিনি এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। ফিজিওথেরাপির বিভিন্ন পদ্ধতি ও নিয়মকানুন সম্পর্কে আলোচনা করেন এবং উপস্থিত দর্শকদের প্রশ্নের উত্তর দেন। তিনি আমাদের ফিজিও থেরাপি সেন্টারের সাথে জড়িত থেকে বিভিন্নভাবে সাহায্যের প্রতিশ্রুতি দেন। তাছাড়া তিনি আমাদের ফিজিও থেরাপি সেন্টারে সপ্তাহে ১/২ দিন সময় দেওয়ার কথাও ব্যক্ত করেন। সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন যাই সভাপতি শ্রী গৌতম রায় চৌধুরী।

## সম্পাদকীয়

প্রিয় সাথী ও বন্ধুগণ, আশা করি পরিবার পরিজন সহ সবাই কুশলে আছেন। ভারতে মোট জনসংখ্যার শতকরা দশ ভাগ প্রবীণ মানুষ। এই বিরাট জনসংখ্যার কল্যাণার্থে প্রথমে ১৯৯৯ সালে কেন্দ্রীয় সরকার বয়স্কদের জন্য জাতীয় নীতি National Policy for Older Persons এবং পরে পুনরায় ২০১১ সালে পরিমার্জিত এবং নতুন নামে (National Policy for senior citizens) গ্রহণ করেছে। এই পরিপ্রেক্ষিতে রাজ্য সরকারও বয়স্কদের জন্য রাজ্যনীতি প্রবর্তন করবেন এবং এটাই ছিল স্বাভাবিক। কিন্তু আমাদের রাজ্যে অদ্যাবধি এই নীতি প্রবর্তিত হয় নি। যদিও রাজ্য সরকার জুন ২০১৫তে এই বিষয়ে ২য় খসড়া (2nd Draft) সকলের মতামতের জন্য প্রকাশ করেছেন, প্রবীণদের কল্যাণার্থে আর বিলম্ব না করে অতিশীঘ্র এই বিষয়ক রাজ্যনীতি গৃহীত হবে এই আশা আমরা পোষণ করতে পারি।

প্রবীণরা বিভিন্ন সময়ে বিভিন্নভাবে পরিবারের ভিতরে এবং বাহিরে অবহেলিত হচ্ছেন-নিগৃহীত হচ্ছেন। আর্থিক অসচ্ছলতা এবং সেজন্য পরনির্ভরতা এর অন্যতম কারণ। এই জন্য প্রতিটি প্রবীণ মানুষকে চাহিদা ও বাজার মূল্যের সঙ্গে সঙ্গতি রেখে প্রতি মাসে নূন্যতম ২০০০ (দুই হাজার) টাকা ভাতা দেওয়া প্রয়োজন।

আমাদের ফিজিওথেরাপী কেন্দ্রটিকে পূর্ণাঙ্গ রূপ দিতে আপনাদের সাহায্য অতীব প্রয়োজন এবং অবশ্যই পাব। আসুন সবাই ভাল থাকি।

## বিজ্ঞপ্তি

আগামী ২৯শে ফেব্রুয়ারী ২০১৬ সোমবার বিকাল ৫টায় আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। আপনাদের সকলের উপস্থিতি কাম্য।

স্থান - সূর্যসেন ভবন,
৪৩২, পি. এ. শাহ রোড, কোল-৬৮

Printed by Intergraphics, Published by Dipesh Mitra on behalf of Bethunæ±ō Institute of Geriatrics Research & Rehabilitation Centre Ph. : 033 2473 9642, 9674553477 and printed at Intergraphics 1/15A, Prince Gulam Md. Road, Kolkata - 700 026 and Published at 392A, Prince Anwar Shah Road, Kolkata - 700 045, Editor - Sri Dipesh Mitra. E-mail-bethunegeriatrics@gmail.com.Website : bethunegeriatrics.in